**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলা ও হায়দ্রাবাদের মধ্যে সরাসরি বিমান পরিষেবার আনুষ্ঠানিক সূচনা করেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার যাত্রাকে আরও সহজতর করার লক্ষ্যে আজ সিএম–সাথ (CM SATH) প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।**

**(৩) তৃতীয় মেয়াদে নরেন্দ্র মোদি সরকার প্রথম ১০০ দিনে পরিকাঠামো, সমাজকল্যাণ, কৃষক, মধ্যবিত্ত, মহিলা এবং যুবাদের জন্য ১৫ লক্ষ কোটি টাকার প্রকল্প চালু করেছে ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে ।**

****************************************

**Agartala–Hydrabad Flight :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলা ও হায়দ্রাবাদের মধ্যে সরাসরি বিমান পরিষেবার আনুষ্ঠানিক সূচনা করেন। এ উপলক্ষ্যে আজ সকালে মহারাজা বীরবিক্রম বিমানবন্দরে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল রাজ্যবাসীকে আগরতলা থেকে হায়দ্রাবাদে যাতায়াতের জন্য সরাসরি এই বিমান পরিষেবার সুযোগ গ্রহণ করার অনুরোধ জানান। তিনি বলেন, আগরতলা ও হায়দ্রাবাদের মধ্যে সরাসরি বিমান পরিষেবা চালু হওয়ায় ত্রিপুরা ও বাংলাদেশের মানুষ বিশেষ ভাবে উপকৃত হবেন। এমবিবি বিমানবন্দর থেকে আন্তর্জাতিক বিমান পরিষেবা শীঘ্রই চালু হবে বলে

রাজ্যপাল আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কে সি মীনা এবং ইন্ডিগো এয়ারলাইনস-এর আধিকারিকগণ। উল্লেখ্য, ইন্ডিগো উড়ান সংস্থা সপ্তাহের প্রতি সোম, বুধ, শুক্র ও রবিবার এই রুটে বিমান চালাবে।

****************************

**CM-SATH-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার যাত্রাকে আরও সহজতর করার লক্ষ্যে আজ সিএম-সাথ (CM SATH) প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আগরতলা টাউন হলে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে সফল মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চ শিক্ষার জন্য আর্থিক সহায়তা দেওয়ার লক্ষ্যে সিএম-সাথ প্রকল্পটি চালু করা হয়েছে। এই প্রকল্পে মাধ্যমিক পরীক্ষার ফলাফলের মেধাক্রম অনুযায়ী ১০০ জন শিক্ষার্থীকে ২ বছরের জন্য মাসিক ৫ হাজার টাকা করে এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় ফলাফলের মেধাক্রম অনুসারে ১০০ জন শিক্ষার্থীকে ৩ বছরের জন্য মাসিক ৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হবে। এই প্রকল্পে ব্লকস্তরে ১৫২ জন, নগর পঞ্চায়েত স্তরে ১২ জন, পুর পরিষদ স্তরে ২৬ জন এবং আগরতলা পুর নিগম স্তরে ১০ জন করে মোট ২০০ জন সুবিধাভোগীকে নির্বাচন করে আর্থিক সহায়তা প্রদান করা হবে। প্রতিটি জেলার জেলা শিক্ষা আধিকারিকের মাধ্যমে এই ২০০ জন সুবিধাভোগীকে নির্বাচন করা হবে। মুখ্যমন্ত্রী বলেন, এটি একটি বৃত্তিমূলক প্রকল্প, যা পড়াশোনার ক্ষেত্রে শিক্ষার্থীদের উৎসাহিত করবে।

মুখ্যমন্ত্রী বলেন, আর্থিক অভাবে কোন শিক্ষার্থীর পড়াশোনায় যাতে ব্যাঘাত না ঘটে সে লক্ষ্যেই এই প্রকল্পটি চালু করা হয়েছে। এই প্রকল্পের জন্য প্রথম বছরে ১ কোটি ২০ লক্ষ টাকা, দ্বিতীয় বছরে ২ কোটি ৪০ লক্ষ টাকা এবং তৃতীয় বছর থেকে ৩ কোটি টাকা করে ব্যয় করা হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মধ্যশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, এসসিইআরটি'র অধিকর্তা এল ডার্লং। অনুষ্ঠানে মঞ্চে ৮টি জেলা থেকে ২ জন করে শিক্ষার্থীকে এই প্রকল্পের অর্থরাশির প্রতীকি চেক তুলে দেওয়া হয়।

**************************

**Statistics Minister :**

পরিসংখ্যানমন্ত্রী বিকাশ দেববর্মা আজ আগরতলার প্রজ্ঞাভবনে ৫দিনব্যাপী আঞ্চলিক স্টেট ইনকাম অ্যান্ড রিলেটেড এগ্রিগেটস শীর্ষক কর্মশালার উদ্বোধন করেন। অনুষ্ঠানে পরিসংখ্যানমন্ত্রী ত্রিপুরা ডাটা এনক্রিপশন স্ট্যান্ডার্ডের ওয়েবপোর্টাল অ্যানালাইটিকেল ড্যাশবোর্ড www.estats.tripura.gov.in উদ্বোধন করেন। অনুষ্ঠানে পরিসংখ্যানমন্ত্রী বলেন, এই ওয়েবসাইটের মাধ্যমে ত্রিপুরার পরিসংখ্যানগত সমস্ত সংগ্রহ করা তথ্য ও সিদ্ধান্ত অতি সহজেই জানা যাবে। মিনিস্ট্রি অব স্ট্যাটিসটিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন এবং রাজ্য সরকারের পরিসংখ্যান দপ্তরের যৌথ উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা ড্যাশবোর্ড অ্যান্ড ইনিশিয়েটিভস অব ডিইএস-ত্রিপুরা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রণালয়ের ডিজি এন কে সন্তোষী, অধিকর্তা পূজা রাণী, আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা গৌরাঙ্গ মিশ্র প্রমুখ। ৫দিনের এই কর্মশালায় ত্রিপুরা ছাড়াও পশ্চিমবঙ্গ, মেঘালয়, সিকিম, মণিপুর, নাগাল্যান্ড, অরুণাচলপ্রদেশ, উত্তরপ্রদেশ, রাজস্থান, দিল্লি, ওড়িশা এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের পরিসংখ্যান দপ্তরের আধিকারিকগণ অংশ নিয়েছেন।

**************************

**100 Days :**

ঐতিহাসিক তৃতীয় মেয়াদে ক্ষমতায় আসার পর মোদি সরকার তার প্রথম ১০০ দিন পূর্ণ করেছে। এই সময়ের মধ্যে, সরকার পরিকাঠামো, সমাজকল্যাণ, কৃষক, মধ্যবিত্ত, মহিলা এবং যুবাদের জন্য দৃষ্টি নিবদ্ধ করে ১৫লক্ষ কোটি টাকার প্রকল্প চালু করেছে। নারীদের ক্ষমতায়নের লক্ষ্যে, বিশেষ করে গ্রামীণ এবং অর্থনৈতিকভাবে অনগ্রসর পটভূমি থেকে আসা ব্যক্তিদের ক্ষমতায়নের লক্ষ্যে সরকার নারী-নেতৃত্বাধীন উন্নয়নের জন্য একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করেছে।

*************************

**Google :**

গোলটেবিল বৈঠকের পর গুগলের সি.ই.ও সুন্দর পিচাই বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতকে রূপান্তরিত করার দিকে মনোনিবেশ করেছেন। তিনি বলেন, এটা ডিজিটাল ইন্ডিয়ার লক্ষ্য। শ্রী পিচাই বলেন, প্রধানমন্ত্রী কোম্পানিগুলিকে ভারতেই বিভিন্ন পণ্যের নকশা এবং উৎপাদন করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, পিক্সেল ফোন ভারতে তৈরি হয় বলে, গুগল গর্বিত। তিনি বলেন, প্রধানমন্ত্রী গুগলকে জনগণের স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং কৃষি সংক্রান্ত অ্যাপ্লিকেশন নিয়ে চিন্তা করার জন্য চ্যালেঞ্জ করেছেন। তিনি বলেন Google ভারতের অংশীদার হিসেবে এবং ভারতে AI-তে দৃঢ়ভাবে বিনিয়োগ করতে পেরে গর্বিত।

*******************************

**Rubber conclave-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় এক বেসরকারি হোটেলে দুদিনের ত্রিপুরা রাবার কনক্লেভের উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে কনফেডারেশন অফ ইন্ডিয়া ইন্ডাস্ট্রিস উত্তর-পূর্ব কাউন্সিলের চেয়ারম্যান ড. পলিন khundngbam জানান, কনক্লেভে দিল্লি মহারাষ্ট্র, কেরালা সহ বিভিন্ন রাজ্যের ৩৫ জন প্রতিনিধি অংশ নেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা, মুখ্যসচিব জে কে সিনহা, TIDC চেয়ারম্যান নবাদল বনিক প্রমুখ।

******************************

**Press Meet-Health :**

রাজ্যের স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, জিবি হাসপাতালে প্রত্যেকদিন ৮০ থেকে ১০০ জন রোগী ডায়ালিসিসের সুবিধা পাচ্ছেন। কিডনি রোগীদের জিবিপি হাসপাতালে এইমসের পদ্ধতি মেনে ডায়ালিসিস করা হয়। তিনি জানান, এখানকার ডায়ালিসিস পরিষেবা খতিয়ে দেখার জন্য এইমসের একটি বিশেষজ্ঞ দলকে এখানে পাঠানোর জন্য অনুরোধ করা হবে। পরিষেবা আরও ভালো করার জন্য চলতি বছরের পয়লা আগস্ট থেকে জিবি হাসপাতালে আউটসোর্সিংয়ের মাধ্যমে কিডনি রোগীদের ডায়ালিসিস দেওয়া হচ্ছে।

তিনি জানান, গত দু'মাসে ৫ হাজারের বেশি রোগী জিবি হাসপাতালে ডায়ালিসিসের সুবিধা নিয়েছেন এবং সম্পূর্ণ বিনামূল্যে এই পরিষেবা দেওয়া হচ্ছে। কিডনি রোগীরা যাতে কোনও সমস্যার সম্মুখীন না হন তা সুনিশ্চিত করতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নির্দেশ দিয়েছেন। আউটসোর্সিং কর্তৃপক্ষকেও বিষয়টি স্পষ্ট করে দেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে এজিএমসির অধ্যক্ষ ডা. অনুপ সাহা, জিবি হাসপাতালের সুপার ডা. শঙ্কর চক্রবর্তী, ডেপুটি সুপার ডা. কনক চৌধুরী, জিবি হাসপাতালের মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ডা. তপন মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

***************************

**PMJAY-Rally :**

আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার ছয় বছর পূর্তি ও আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের তৃতীয় বর্ষপূর্তি উপলক্ষে পক্ষকাল ব্যাপী কর্মসূচি অঙ্গ হিসাবে আজ আগরতলা শহরে এক সচেতনতা মূলক রেলির আয়োজন করা হয়। পশ্চিম জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক এর উদ্যোগে এই রেলিতে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার, পশ্চিম জেলার

মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডক্টর রঞ্জন বিশ্বাস, স্বাস্থ্যকর্মী ও আশাকর্মীরা। প্রধানমন্ত্রীর জন্য আরোগ্য যোজনা ও মুখ্যমন্ত্রীর জন্য আরোগ্য যোজনায় রাজ্যের মানুষ স্বাস্থ্যপরিসেবার ক্ষেত্রে উপকৃত হয়েছেন। পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার এই প্রকল্পগুলিতে জনগণ যাতে আরো বেশি সুবিধা পান এবিষয়ে গুরুত্ব আরোপ করেন। উল্লেখ্য জনগণের স্বাস্থ্য সুরক্ষা এবং আর্থিকভাবে দুর্বল শ্রেণীর মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে ২০১৮ সালের ২৩ সেপ্টেম্বর আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার সূচনা হয়েছিল। এই যোজনায় এখন পর্যন্ত মোট ৩ লক্ষ ৪৩ হাজার ৯৮৫ জন বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছে এবং মোট ১৫৫ কোটি ৫১ লক্ষের অধিক টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে।

*****************************

**PM-JUGA-Dhalai :**

প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান প্রকল্পের আওতায় রয়েছে রাজ্যের ৩৯২টি গ্রাম। এরমধ্যে ধলাই জেলায় রয়েছে ৯৩টি গ্রাম। এই গ্রামগুলির শিক্ষা, স্বাস্থ্য থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে এখনো যে সমস্ত সমস্যা রয়েছে সেগুলি চিহ্নিত করে দ্রুততার সঙ্গে সমাধান করা হবে। আজ আমবাসায় এক সাংবাদিক সম্মেলনে ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ এখবর জানান। তিনি জানান, পিএমজি এস ওয়াই প্রকল্পে রাস্তা নির্মাণ, পি এম এ ওয়াই প্রকল্পে পাকা ঘর নির্মাণ করা হবে। জলজীবন মিশনের পক্ষ থেকে পানীয় জলের ব্যবস্থা করে দেওয়া হবে। তাছাড়া উজ্জ্বলা যোজনার আওতায় এল.পি.জি-র সংযোগ, ভারত নেটের পক্ষ থেকে ইন্টারনেটের ব্যবস্থা এবং পি এম জে এ ওয়াই প্রকল্পে আয়ুষ্মান কার্ড প্রদান করা সহ বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আরো বেশ কিছু উন্নয়নমূলক কাজ করা হবে। প্রতিটি এলাকায় মিশন মোডে এসমস্ত কাজ করা হবে বলে জেলা শাসক জানান।

**************************

**Swacchta Hi Seva Drama–Sonamura :**

স্বচ্ছতা ই সেবা পক্ষকালব্যাপী কর্মসূচির অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলার বিভিন্ন এলাকায় স্বচ্ছতার উপর সচেতনতামূলক পথনাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। জেলা প্রশাসন ও জেলা তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ৩০ তারিখ পর্যন্ত জেলার প্রতিটি ব্লক ও পুর সংস্থায় এই কর্মসূচি চলবে। আজ সোনামুড়া নগর পঞ্চায়েত ও বক্সনগর ব্লক এলাকায় পথনাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহাজান মিয়া, মহকুমা তথ্য আধিকারিক তুহিন আইচ। পথনাটক ও সচেতনতামূলক গানের মাধ্যমে নিজের বাড়ি-ঘর সহ চারপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বার্তা দেন শিল্পীরা।

***************************

**Blood Donation :**

বিজেপি প্রতাপগড় মন্ডলের উদ্যোগে আজ বনকুমারী বাজার নাটমন্দিরে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটের রুমা দাস, বিজেপি'র সদর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য্য ও মন্ডল সভাপতি চিত্ত দেব। শিবিরে ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

***************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ৩-০ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে হারিয়ে দেয়।

************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

******************************